

REGIONAL NEWS

UNIT

ALL INDIA RADIO, AGARTALA

Date:03-11-2024

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

Joy Sankar Visit :

বিদেশমন্ত্রী ড: এস জয়শংকর ৬ দিনের সফরে আজ অস্ট্রেলিয়া ও সিঙ্গাপুর যাচ্ছেন। সফরকালে তিনি অস্ট্রেলিয়াতে ভারতের চতুর্থ দূতাবাসের উদ্বোধন করবেন। এই দূতাবাসটি ব্রিজবেনে খোলা হয়েছে। এছাড়া তিনি কেনবেরাতে অস্ট্রেলিয়ান বিদেশ মন্ত্রী পেনিরং এর সঙ্গে পঞ্চদশ বিদেশ মন্ত্রীদের আলোচনায় অংশ নেবেন। পরে তিনি অস্ট্রেলিয়ার সংসদ ভবনেও এক অনুষ্ঠানে দ্বি-পাক্ষিক বৈঠকে মিলিত হবেন। সে দেশের নেতৃবৃন্দের পাশাপাশি সংসদের সদস্যদের সাথে এবং ভারতীয় ব্যবসায়ী মহল ও সাংবাদিকদের সঙ্গেও তাঁর বৈঠক করার কথা রয়েছে। দ্বিতীয় দফায় তিনি আগামী ৮ নভেম্বর সিঙ্গাপুর সফর করবেন। সেখানে অষ্টম আশিয়ান গোল টেবিল বৈঠকে তিনি অংশ নেবেন। এর সাথে দ্বি-পাক্ষিক বৈঠকেও সিঙ্গাপুরের নেতৃবৃন্দের সঙ্গে আলোচনা করবেন।

Vatri Dwitiya :

আজ ব্রাতৃদ্বিতীয়া তিথি। ভাইফোঁটার এই তিথিতে বোনেরা ভাইদের ফোঁটা দিয়ে দীর্ঘ সুস্থ জীবন, ও পারিবারিক সুখ সাচ্ছন্দ্য কামনা করেন। উৎসব মরসুমের এই পরবকে কেন্দ্র করেও রাজ্যে উৎসাহ দেখা যায়। ভাইফোঁটাকে কেন্দ্র করে পরিবারে মিলন হয়, খাওয়া-দাওয়া আশীর্বাদ স্বরূপ সাধ্য অনুযায়ী উপহার বিনিময়ের প্রচলন

রয়েছে। গতকাল আগরতলার বিভিন্ন কাপড় ও উপহারের দোকানে ভিড় লক্ষ্য করা গেছে।

Ratanlal Nath :

বিদ্যুৎ মন্ত্রী রতনলাল নাথ গতকাল জানিয়েছেন, রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেডের প্রিপেইড মিটারের বিল ও আনুষঙ্গিক কিছু ফি নিয়ে ভোক্তাদের মধ্যে কিছুটা বিভ্রান্তির সৃষ্টি হয়েছে। তিনি জানান, বিদ্যুৎ নিগমের ম্যানেজিং ডিরেক্টর এবং সংশ্লিষ্ট আধিকারিকদেরকে বিষয়টি গুরুত্বের সঙ্গে বিবেচনা করে এ সম্পর্কে স্পষ্টীকরণ এবং গ্রাহকদের অভিযোগ নিষ্পত্তি করনের নির্দেশ দেওয়া হয়েছে। বিদ্যুৎ মন্ত্রী বিদ্যুৎ গ্রাহকদের বিভ্রান্ত না হওয়ার জন্য অনুরোধ জানিয়েছেন।

Train Services resumed :

এন এফ রেলওয়ের লামডিং-বদরপুর সেকশনে গতকাল সন্ধ্যা থেকে পুনরায় ট্রেন চলাচল শুরু হয়েছে। মুপার কাছে একটি রেল সুরঞ্জে মালবোঝাই একটি বগি লাইনচ্যুত হওয়ায় গত ৩১শে অক্টোবর বিকেল থেকে এই সেকশনে ট্রেন চলাচল বন্ধ হয়ে যায়। ফলে আগরতলা থেকেও দূরপাল্লার সব ট্রেন চলাচল বন্ধ ছিল। আগরতলা রেল স্টেশনের স্টেশন ম্যানেজার চন্দ্র মোহন সাহু জানিয়েছেন, ট্রেন চলাচল স্বাভাবিক হওয়ায় গতকাল রাতে আগরতলা থেকে নির্ধারিত দেওঘর এক্সপ্রেস ও আজ সকালে আগরতলা-সেকেন্দ্রাবাদ এক্সপ্রেস রওয়ানা হয়েছে।

Diwali :

দীপাবলি উৎসবের তৃতীয় দিনেও উত্তর জেলার ধর্মনগর শহর ছিলো উৎসব মুখর। গতকাল রাত বাড়ার সংগে পাল্লা দিয়ে বেড়েছে মানুষের ভিড়। গভীর রাতেও গ্রামীণ এলাকা থেকে

এমনকি পার্শ্ববর্তী রাজ্য অসমের বরাক উপত্যকার ভক্তপ্ৰাণ মানুষের মানুষ জনের ভিড় ছিল। সাররাত জনপ্লাবন ছিলো ধৰ্মনগর শহরের প্রতিটি রাস্তায়।

BSF :

BSF সীমান্ত এলাকায় অভিযানে পাঁচ বাংলাদেশি নাগরিককে বেআইনি অনুপ্রবেশের অভিযোগে গতকাল আটক করেছে। এরমধ্যে সিপাহিজলা জেলার কমলাসাগর সীমান্ত এলাকা থেকে চারজন বাংলাদেশিকে আটক করা হয়েছে। অন্য একজনকে ঊনকোটি জেলার সীমান্ত থেকে আটক করা হয়। এক বিবৃতিতে BSF আরও জানায় গতকাল রাজ্যের বিভিন্ন সীমান্তে অভিযানে ১২টি গবাধি পশু ও ৯০০ কিলো চিনি উদ্ধার হয়েছে।

Gournagar Block :

বন্যায় ক্ষতিগ্রস্ত প্রাণীপালকদের সহায়তায় এগিয়ে এলো ঊনকোটি জেলার গৌরনগর ব্লক। প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের সহায়তায় গতকাল প্রথমধাপে আটটি পঞ্চায়েতের ১৬২ জন প্রাণীপালককে হাঁস ও মুরগী বিতরণ করা হয়। এই উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, বিধায়ক বীরজিৎ সিংহ, গৌরনগর পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন লক্ষ্মী নমঃ, ভাইস-চেয়ারম্যান মোঃ বদরুজ্জামান প্রমুখ।

Congress Rally at ManuBankul :

৩১ অক্টোবর থেকে শুরু হওয়া কংগ্রেস দলের সংহতি পদযাত্রা গতকাল সাব্বরুমের মনু বিধানসভা কেন্দ্রের মনুবনকুলে অনুষ্ঠিত হয়। দক্ষিণ জেলা কংগ্রেস সভাপতি মৃদুল পাটারী, ৩৯ মনু ব্লক কংগ্রেস সভাপতি থইকই মগের নেতৃত্বে মনুবনকুল পুরান বাজার থেকে পদযাত্রা শুরু হয়ে নতুনবাজারে এসে শেষ হয়।

Ranji Trophi :

বরোদার বিরুদ্ধে রঞ্জি ট্রফির চারদিনের ম্যাচের জন্য ত্রিপুরা দল অপরিবর্তিত রাখা হয়েছে। মুম্বাইয়ের বিরুদ্ধে ড্র করার ফলে রাজ্যদলের ক্রিকেটারদের অপরিবর্তিত রাখা হয়। ১৭ সদস্যের দলের নেতৃত্বে রয়েছে মনদীপ সিং। এদিকে, এই ম্যাচে লড়াই করতে তরুণাল পান্ডিয়ার নেতৃত্বে বরোদা দল আজ রাজ্যে আসছে। আগামী ৬ নভেম্বর থেকে ত্রিপুরা ও বরোদার ৪ দিনের রঞ্জি ট্রফির ম্যাচটি আগরতলার এম বি বি স্টেডিয়ামে শুরু হবে।

Weather :

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ পরিষ্কার থাকবে। সকালের দিকে হালকা কুয়াশা ছিল। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩২ ডিগ্রি এবং সর্বনিম্ন ২৩ ডিগ্রির কাছাকাছি। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২২ ডিগ্রি সেলসিয়াস।
